গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
সমন্বয়-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

স্মারক নম্বর: ৩৪.০০.০০০০.০৪৯.১৬.০২৩.২১.৩২৭

তারিখ: ৯ কার্তিক ১৪২৯
২৫ অক্টোবর ২০২২

বিষয়: **বুকলেট প্রণয়নের জন্য তথ্য প্রেরণ।**

সূত্র: প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র নং-০৩.০০.০০০০.০৭৮.০৬.০০১.২০২২.১১২, তারিখ: ১২/১০/২০২২ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে বুকলেট প্রণয়নের নিমিত্ত যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের তথ্যাদি নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্ত : ৪২ (বিয়াল্লিশ) পাতা।



২৬-১০-২০২২
মো: আলী হায়দার
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৫৫১০১০৮৩
ইমেইল: csmoys66@gmail.com

পরিচালক- ১১, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।

স্মারক নম্বর: ৩৪.০০.০০০০.০৪৯.১৬.০২৩.২১.৩২৭/১(৫)

তারিখ: ৯ কার্তিক ১৪২৯
২৫ অক্টোবর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) যুগ্মসচিব (সমন্বয় ও আইন অনুবিভাগ), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা;
২) উপসচিব (সমন্বয় ও আইন অধিশাখা), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা;
৩) প্রতিমন্ত্রীর একান্ত সচিব , যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা;
৪) সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা;
৫) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়বসাইটে আপলোডের অনুরোধসহ)।;



২৬-১০-২০২২
মো: আলী হায়দার
সিনিয়র সহকারী সচিব

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়নের হালনাগাদ বিস্তারিত তথ্য

যুব উন্নয়ন অধিদপ্তর:

ক্রমিক	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি (শিরোনাম/ তারিখ/ স্থান)	বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা	সংশ্লিষ্ট জেলাসমূহ	আর্থ-সামাজিক প্রভাব	মন্তব্য
১	শিরোনাম: নেত্রকোণা জেলায় যুব প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন। তারিখ: ১৬/০২/২০১০ খ্রি. স্থান: নেত্রকোণা।	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি মোতাবেক নেত্রকোণা জেলায় যুব প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করা হয়েছে। উপপরিচালক এর কার্যালয় যুব প্রশিক্ষণ কেন্দ্রে স্থানান্তরিত হয়েছে এবং গত ১ ফেব্রুয়ারি ২০১৭ থেকে ৩ মাস মেয়াদী যুব প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। ২১ অক্টোবর ২০১৮ খ্রিঃ তারিখ ভিডিও কনফারেন্স এর মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা নেত্রকোণা যুব প্রশিক্ষণ কেন্দ্রের শুভ উদ্বোধন করেন।	নেত্রকোণা	জেলার বেকার যুবগণ প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে আত্মকর্মী ও উদ্যোক্তা হিসেবে প্রতিষ্ঠিত হচ্ছে।	
২	শিরোনাম: রংপুর বিভাগের সকল জেলায় ন্যাশনাল সার্ভিস সম্প্রসারণ করা। তারিখ: ০৮/০১/২০১১ তারিখে স্থান: রংপুর।	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি মোতাবেক রংপুর বিভাগের ৮টি জেলায় (রংপুর, কুড়িগ্রাম, লালমনিরহাট, গাইবান্ধা, নীলফামারী, দিনাজপুর, ঠাকুরগাঁও ও পঞ্চগড়) ন্যাশনাল সার্ভিস কর্মসূচির ২য় পর্বের কার্যক্রম বাস্তবায়নের প্রক্রিয়া ২০১১-২০১২ অর্থবছর হতে শুরু হয়। ২০১৩ খ্রিস্টাব্দের ২৮ ফেব্রুয়ারি মাননীয় প্রধানমন্ত্রী ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে কর্মসূচির শুভ উদ্বোধন করেন। অত:পর ৩রা মার্চ ২০১৩ হতে কর্মসূচি বাস্তবায়নের বাস্তব কার্যক্রম (মৌলিক প্রশিক্ষণ) শুরু করা হয়। ৭টি জেলার ৮টি উপজেলায় মোট ১৬০৩৬ জন সুবিধাভোগীকে ৪ ধাপে তিন মাস মেয়াদী মৌলিক প্রশিক্ষণ প্রদান করা হয়। সর্বমোট প্রশিক্ষণ সম্পন্নকারীর সংখ্যা ১৪৫১৫ জন। প্রতি ধাপের প্রশিক্ষণ শেষে সফলতার সাথে প্রশিক্ষণ সম্পন্নকারীদেরকে অস্থায়ী কর্মে সংযুক্তি প্রদান করা হয়। সর্বমোট অস্থায়ী সংযুক্তি প্রাপ্তের সংখ্যা ১৪৪৬৭ জন।	রংপুর	জেলার বেকার যুবগণ প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে আত্মকর্মী ও উদ্যোক্তা হিসেবে প্রতিষ্ঠিত হচ্ছে।	
৩	শিরোনাম: নীলফামারী জেলায় যুব প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন। তারিখ: গত ১২/১০/২০১১ তারিখ স্থান: নীলফামারী	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়নের লক্ষ্যে নীলফামারী জেলায় যুব প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করা হয়েছে। উপপরিচালক এর কার্যালয় যুব প্রশিক্ষণ কেন্দ্রে স্থানান্তরিত হয়েছে এবং গত ০২/০৭/২০১৭খ্রিঃ তারিখ থেকে ৩ মাস মেয়াদী যুব প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। ২১ অক্টোবর ২০১৮ খ্রিঃ তারিখ ভিডিও কনফারেন্স এর মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা নীলফামারী যুব প্রশিক্ষণ কেন্দ্রের শুভ উদ্বোধন করেন।	নীলফামারী	জেলার বেকার যুবগণ প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে আত্মকর্মী ও উদ্যোক্তা হিসেবে প্রতিষ্ঠিত হচ্ছে।	

জাতীয় ক্রীড়া পরিষদ:

ক্র:নং	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি (শিরোনাম/তারিখ/স্থান)	বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা	সংশ্লিষ্ট জেলাসমূহ	আর্থ-সামাজিক প্রভাব	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
১।	শিরোনামঃ নেত্রকোণা জেলায় একটি আধুনিক স্টেডিয়াম নির্মাণ। তারিখ: ১৬-০২-২০১০খ্রি: স্থান: নেত্রকোণা জেলা	"নীলফামারী ও নেত্রকোণা জেলা স্টেডিয়াম উন্নয়ন এবং রংপুর মহিলা ক্রীড়া কমপ্লেক্স নির্মাণ" শীর্ষক প্রকল্পের আওতায় নেত্রকোণা জেলা স্টেডিয়ামের উন্নয়ন কাজ জুন ২০১৮ তে সমাপ্ত হয়েছে।	নেত্রকোণা জেলা	ক্রীড়া প্রতিযোগিতার আয়োজনসহ ক্রীড়া অনুশীলণের মাধ্যমে দক্ষ খেলোয়াড় সৃষ্টি হচ্ছে।	
২।	শিরোনামঃ গাজীপুর জেলার টঙ্গীস্থ (শহীদ আহসান উল্লাহ মাস্টার স্টেডিয়াম) টিএসএস ময়দানকে একটি আন্তর্জাতিকমানের স্টেডিয়াম হিসেবে উন্নীতকরণ। তারিখ: ২৫-১২-২০০৮ খ্রি: স্থান: গাজীপুর জেলার টঙ্গীস্থ টিএসএস মাঠ (শহীদ আহসান উল্লাহ মাস্টার স্টেডিয়াম)	৭০২.৩৭ লক্ষ টাকা ব্যয়ে ৩তলা বিশিষ্ট প্যাভিলয়ন, সীমানা প্রাচীর, অভ্যন্তরীন রাস্তা, খেলার মাঠ উন্নয়নসহ নিরাপত্তা বেষ্টনী নির্মাণ ইত্যাদি কাজ জুন'২০১৪ তে সমাপ্ত হয়েছে। পরবর্তীতে স্থানীয় চাহিদা ও বাস্তবতার নিরীখে গাজীপুর আহসান উল্লাহ মাষ্টার স্টেডিয়ামের অধিকতর উন্নয়নের জন্য ''গাজীপুর জেলাস্থ শহীদ আহসান উল্লাহ মাষ্টার স্টেডিয়াম এবং পটুয়াখালী জেলাস্থ কাজী আবুল কাসেম স্টেডিয়াম এর অধিকতর উন্নয়ন'' শিরোনামে একটি প্রকল্প গ্রহণ করা হয়েছে। বর্ণিত প্রকল্পটি গত ২৯-০৩-২০২২খ্রি: তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রীকর্তৃক অনুমোদিত হয়েছে।	গাজীপুর জেলা		
৩।	শিরোনামঃ নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁও উপজেলায় স্টেডিয়ামের জন্য নির্ধারিত জায়গায় খেলাধুলার জন্য উপযোগী করা এবং পর্যায়ক্রমে সেখানে স্টেডিয়াম নির্মাণ করা । তারিখ: ১৪-০২-২০১২খ্রি: স্থান: সিদ্ধিরগঞ্জ, নারায়নগঞ্জ।	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত ০৬ (ছয়)টি উপজেলায় স্টেডিয়াম নির্মাণ এর লক্ষ্যে '' নির্বাচিত ০৬টি উপজেলায় স্টেডিয়াম নির্মাণ" শীর্ষক প্রকল্পটি গত ১৬-০৭-২০১৯ তারিখের একনেক সভায় উত্থাপিত হয়। উক্ত সভায় প্রকল্পটি অনুমোদিত হয়নি এবং প্রকল্পে প্রস্তাবিত ৬টি উপজেলা "উপজেলা পর্যায়ে শেখ রাসেল মিনি স্টেডিয়াম নির্মাণ প্রকল্প (২য় পর্যায়)'' প্রকল্পে অন্তর্ভুক্ত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। একনেক সভার নির্দেশনা অনুযায়ী ২য় পর্যায় প্রকল্পে নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁও উপজেলা অন্তর্ভুক্ত করা হয়েছে যা ০৪-০৫-২০২১খ্রিঃ তারিখে একনেক সভা কর্তৃক অনুমোদিত হয়। অনুমোদিত ডিপিপিতে সোনারগাঁও উপজেলায় শেখ রাসেল মিনি স্টেডিয়াম নির্মাণের জন্য জমি অধিগ্রহণ অন্তর্ভুক্ত রয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন কর্তৃক জমি অধিগ্রহণ প্রক্রিয়া সম্পাদন করার পর বর্নিত কাজের দরপত্র আহবান করা হবে।	নারায়নগঞ্জ জেলার সোনারগাঁও উপজেলা	তৃনমুল পর্যায়ে ক্রীড়া প্রতিযোগিতার আয়োজনসহ ক্রীড়া অনুশীলন করে দক্ষ খেলোয়াড় সৃষ্টি হবে।	

৪।	শিরোনামঃ খুলনা জেলার কয়রা উপজেলায় স্টেডিয়াম নির্মাণ করা। তারিখ: ২৩-০৭-২০১০খ্রি: স্থান: কয়রা উপজেলা, খুলনা।	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত ০৬ (ছয়)টি উপজেলায় স্টেডিয়াম নির্মাণ এর লক্ষ্যে '' নির্বাচিত ০৬টি উপজেলায় স্টেডিয়াম নির্মাণ" শীর্ষক প্রকল্পটি গত ১৬-০৭-২০১৯ তারিখের একনেক সভায় উত্থাপিত হয়। উক্ত সভায় প্রকল্পটি অনুমোদিত হয়নি এবং প্রকল্পে প্রস্তাবিত ৬টি উপজেলা "উপজেলা পর্যায়ে শেখ রাসেল মিনি স্টেডিয়াম নির্মাণ প্রকল্প (২য় পর্যায়)'' প্রকল্পে অন্তর্ভুক্ত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। একনেক সভার নির্দেশনা অনুযায়ী ২য় পর্যায় প্রকল্পে খুলনা জেলার কয়রা উপজেলা অন্তর্ভুক্ত করা হয়েছে যা ০৪-০৫-২০২১খ্রিঃ তারিখে একনেক সভা কর্তৃক অনুমোদিত হয়। অনুমোদিত ডিপিপিতে কয়রা উপজেলায় শেখ রাসেল মিনি স্টেডিয়াম নির্মাণের জন্য জমি অধিগ্রহণ অন্তর্ভুক্ত রয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন কর্তৃক জমি অধিগ্রহণ প্রক্রিয়া সম্পাদন করার পর বর্নিত কাজের দরপত্র আহবান করা হবে।	খুলনা জেলার কয়রা উপজেলা	ঐ	
৫।	শিরোনামঃ কুমিল্লা জেলার তিতাস উপজেলায় একটি স্টেডিয়াম নির্মাণ করা। তারিখ: ০৭-১১-২০১০খ্রি: স্থান: তিতাস উপজেলা, কুমিল্লা।	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত ০৬ (ছয়)টি উপজেলায় স্টেডিয়াম নির্মাণ এর লক্ষ্যে '' নির্বাচিত ০৬টি উপজেলায় স্টেডিয়াম নির্মাণ" শীর্ষক প্রকল্পটি গত ১৬-০৭-২০১৯ তারিখের একনেক সভায় উত্থাপিত হয়। উক্ত সভায় প্রকল্পটি অনুমোদিত হয়নি এবং প্রকল্পে প্রস্তাবিত ৬টি উপজেলা "উপজেলা পর্যায়ে শেখ রাসেল মিনি স্টেডিয়াম নির্মাণ প্রকল্প (২য় পর্যায়)'' প্রকল্পে অন্তর্ভুক্ত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। একনেক সভার নির্দেশনা অনুযায়ী ২য় পর্যায় প্রকল্পে কুমিল্লা জেলার তিতাস উপজেলা অন্তর্ভুক্ত করা হয়েছে যা ০৪-০৫-২০২১খ্রিঃ তারিখে একনেক সভা কর্তৃক অনুমোদিত হয়। অনুমোদিত ডিপিপিতে তিতাস উপজেলায় শেখ রাসেল মিনি স্টেডিয়াম নির্মাণের জন্য জমি অধিগ্রহণ অন্তর্ভুক্ত রয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন কর্তৃক জমি অধিগ্রহণ প্রক্রিয়া সম্পাদন করার পর বর্নিত কাজের দরপত্র আহবান করা হবে।	কুমিল্লা জেলার তিতাস উপজেলা	ঐ	
৬।	শিরোনামঃ মীরসরাই উপজেলা সদরে নির্মিত স্টেডিয়ামটি সংস্কার এবং আধুনিকায়ন করা । তারিখ: ২৯-১২-২০১০খ্রি: স্থান: মীরসরাই উপজেলা, চট্টগ্রাম।	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত ০৬ (ছয়)টি উপজেলায় স্টেডিয়াম নির্মাণ এর লক্ষ্যে '' নির্বাচিত ০৬টি উপজেলায় স্টেডিয়াম নির্মাণ" শীর্ষক প্রকল্পটি গত ১৬-০৭-২০১৯ তারিখের একনেক সভায় উত্থাপিত হয়। উক্ত সভায় প্রকল্পটি অনুমোদিত হয়নি এবং প্রকল্পে প্রস্তাবিত ৬টি উপজেলা "উপজেলা পর্যায়ে শেখ রাসেল মিনি স্টেডিয়াম নির্মাণ প্রকল্প (২য় পর্যায়)'' প্রকল্পে অন্তর্ভুক্ত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। একনেক সভার নির্দেশনা অনুযায়ী ২য় পর্যায় প্রকল্পে চট্টগ্রাম জেলার মীরসরাই উপজেলা অন্তর্ভুক্ত করা হয়েছে যা ০৪-০৫-২০২১খ্রিঃ তারিখে একনেক সভা কর্তৃক অনুমোদিত হয়। গত ১২-০৬-২০২২খ্রি: তারিখে NOA প্রদান করা হয়েছে।	চট্রগ্রাম জেলার মীরসরাই উপজেলা	ঐ	

৭।	শিরোনামঃ লৌহজং ও টঙ্গীবাড়ী উপজেলায় স্টেডিয়াম নির্মাণ। তারিখ: ০২-০২-২০১১খ্রি: স্থান: মুন্সীগঞ্জ	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত ০৬ (ছয়)টি উপজেলায় স্টেডিয়াম নির্মাণ এর লক্ষ্যে '' নির্বাচিত ০৬টি উপজেলায় স্টেডিয়াম নির্মাণ" শীর্ষক প্রকল্পটি গত ১৬-০৭-২০১৯ তারিখের একনেক সভায় উত্থাপিত হয়। উক্ত সভায় প্রকল্পটি অনুমোদিত হয়নি এবং প্রকল্পে প্রস্তাবিত ৬টি উপজেলা "উপজেলা পর্যায়ে শেখ রাসেল মিনি স্টেডিয়াম নির্মাণ প্রকল্প (২য় পর্যায়)'' প্রকল্পে অন্তর্ভুক্ত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। একনেক সভার নির্দেশনা অনুযায়ী ২য় পর্যায় প্রকল্পে মুন্সিগঞ্জ জেলার লৌহজং ও টঙ্গীবাড়ী উপজেলা অন্তর্ভুক্ত করা হয়েছে যা ০৪-০৫-২০২১খ্রিঃ তারিখে একনেক সভা কর্তৃক অনুমোদিত হয়। অনুমোদিত ডিপিপিতে লৌহজং ও টঙ্গীবাড়ী উপজেলায় শেখ রাসেল মিনি স্টেডিয়াম নির্মাণের জন্য জমি অধিগ্রহণ অন্তর্ভুক্ত রয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন কর্তৃক জমি অধিগ্রহণ প্রক্রিয়া সম্পাদন করার পর বর্ণিত কাজের দরপত্র আহবান করা হবে।	মুন্সীগঞ্জ জেলার লৌহজং ও টঙ্গীবাড়ী উপজেলা	ঐ	
৮।	শিরোনামঃ রংপুরে সুইমিংপুল, ইনডোর স্টেডিয়াম ও মহিলা ক্রীড়া কমপ্লেক্স নির্মাণ । তারিখ: ০৮-০২-২০১১ খ্রি: স্থান: রংপুর	(ক) সুইমিংপুল: রংপুর জেলা স্টেডিয়ামে আধুনিক মিডিয়া সেন্টার ও ইনডোর স্টেডিয়াম নির্মাণসহ অধিকতর উন্নয়ন প্রকল্পের আওতায় সুইমিংপুল নির্মাণ কাজ জুন ২০২২ এ সমাপ্ত হয়েছে। (খ) ইনডোর স্টেডিয়াম: রংপুর জেলা স্টেডিয়ামে আধুনিক মিডিয়া সেন্টার ও ইনডোর স্টেডিয়াম নির্মাণসহ অধিকতর উন্নয়ন প্রকল্পের আওতায় ইনডোর স্টেডিয়াম নির্মাণ কাজ জুন ২০২২ এ সমাপ্ত হয়েছে। (গ) মহিলা ক্রীড়া কমপ্লেক্স: "নীলফামারী ও নেত্রকোণা জেলা স্টেডিয়াম উন্নয়ন এবং রংপুর মহিলা ক্রীড়া কমপ্লেক্স নির্মাণ" শীর্ষক প্রকল্প এর আওতায় রংপুর মহিলা ক্রীড়া কমপ্লেক্স নির্মাণ কাজ জুন ২০১৮ তে সমাপ্ত হয়েছে।	রংপুর জেলা	ঐ	
৯ ।	শিরোনামঃ নীলফামারীতে পুর্ণাঙ্গ স্টেডিয়াম নির্মাণ। তারিখ: ১২-১০-২০১১খ্রি: স্থান: নীলফামারী	"নীলফামারী ও নেত্রকোণা জেলা স্টেডিয়াম উন্নয়ন এবং রংপুর মহিলা ক্রীড়া কমপ্লেক্স নির্মাণ" শীর্ষক প্রকল্পের আওতায় নীলফামারী জেলা স্টেডিয়ামের উন্নয়ন কাজ জুন ২০১৮ তে সমাপ্ত হয়েছে।	নীলফামারী	ক্রীড়া প্রতিযোগিতার আয়োজনসহ ক্রীড়া অনুশীলন করে দক্ষ খেলোয়াড় সৃষ্টি হচ্ছে।	
১০।	শিরোনামঃ মানিকগঞ্জ জেলায় আধুনিক স্টেডিয়াম নির্মাণ। তারিখ: ১৮-০১-২০১২খ্রি: স্থান: মানিকগঞ্জ	মানিকগঞ্জ জেলায় আধুনিক স্টেডিয়াম নির্মাণ এর লক্ষ্যে ফিজিবিলিটি স্টাডি প্রকল্পটি গত ১৯-০৫-২০২১খ্রি: তারিখে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়েছে। পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের লক্ষ্যে গত ০৩-০৩-২০২২খ্রি: তারিখে কার্যাদেশ প্রদান করা হয়েছে এবং চুক্তি মোতাবেক ইতোমধ্যে Inspection report দাখিল করেছেন।	মানিকগঞ্জ	জাতীয় ও আন্তর্জাতিক ক্রিকেট ক্রীড়া প্রতিযোগিতা আয়োজনে সহায়ক ভুমিকা রাখবে।	

১১।	শিরোনামঃ বগুড়া জেলার প্রতিটি উপজেলায় একটি করে মিনি স্টেডিয়াম নির্মাণ। তারিখ: ১২-১১-২০১৫খ্রি: স্থান: বগুড়া	দেশের বিদ্যমান সকল উপজেলায় মিনি স্টেডিয়াম নির্মাণ করা হবে। জুন ২০১৯ এর মধ্যে "উপজেলা পর্যায়ে মিনি স্টেডিয়াম নির্মাণ-১ম পর্যায় (১৩১টি)" শীর্ষক প্রকল্পের আওতায় ১২৫টি উপজেলায় শেখ রাসেল মিনি স্টেডিয়াম নির্মাণ করা হয়েছে। উক্ত প্রকল্পে বগুড়া জেলার সোনাতলা উপজেলার শেখ রাসেল মিনি স্টেডিয়াম নির্মাণ কাজ গত জুন ২০১৯ এ সমাপ্ত হয়েছে। ইতোমধ্যে "উপজেলা পর্যায়ে শেখ রাসেল মিনি স্টেডিয়াম নির্মাণ প্রকল্প (২য় পর্যায়)'' শীর্ষক প্রকল্পের আওতায় বর্ণিত জেলার সারিয়াকান্দি ও নন্দীগ্রাম উপজেলার নাম অন্তর্ভুক্ত করা হয়েছে। বর্ণিত প্রকল্পটি গত ০৪-০৫-২০২১খ্রি: তারিখে একনেক সভায় অনুমোদিত হয়েছে। অনুমোদিত ডিপিপিতে সারিয়াকান্দি ও নন্দীগ্রাম উপজেলায় শেখ রাসেল মিনি স্টেডিয়াম নির্মাণের জন্য জমি অধিগ্রহণ অন্তর্ভুক্ত রয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন কর্তৃক জমি অধিগ্রহণ প্রক্রিয়া সম্পাদন করার পর বর্ণিত কাজের দরপত্র আহবান করা হবে। তাছাড়া শেখ রাসেল মিনি স্টেডিয়াম নির্মাণ-৩য় পর্যায় প্রকল্পের অন্তর্ভুক্তের জন্য ইতোমধ্যে শিবগঞ্জ, দুপচাঁচিয়া, কাহালু, শেরপুর, ধুনট, বগুড়া সদর, গাবতলী এবং শাজাহানপুর উপজেলা হতে প্রস্তাব পাওয়া গেছে।	বগুড়া	তৃনমুল পর্যায়ে ক্রীড়া প্রতিযোগিতার আয়োজনসহ ক্রীড়া অনুশীলন করে দক্ষ খেলোয়াড় সৃষ্টি হবে।	
১২।	শিরোনামঃ প্রত্যেক উপজেলায় ১২ মাসব্যাপী খেলাধুলার উপযোগী আলাদা মিনি স্টেডিয়াম তৈরী করতে হবে। তারিখ: ১২-১০-২০১৫খ্রি:	দেশের বিদ্যমান সকল উপজেলায় মিনি স্টেডিয়াম নির্মাণ করা হবে। জুন ২০১৯ এর মধ্যে "উপজেলা পর্যায়ে মিনি স্টেডিয়াম নির্মাণ-১ম পর্যায় (১৩১টি)" শীর্ষক প্রকল্পের আওতায় ১২৫টি উপজেলায় শেখ রাসেল মিনি স্টেডিয়াম নির্মাণ করা হয়েছে। জমির জটিলতার কারণে ৬টি উপজেলা শেখ রাসেল মিনি স্টেডিয়াম নির্মাণ করা যায় নাই। "উপজেলা পর্যায়ে শেখ রাসেল মিনি স্টেডিয়াম নির্মাণ প্রকল্প (২য় পর্যায়)'' শীর্ষক প্রকল্পটি গত ০৪-০৫-২০২১খ্রি: তারিখে একনেক সভায় অনুমোদিত হয়েছে। জমি প্রাপ্তি সাপেক্ষে পর্যায়ক্রমে অন্যান্য সকল উপজেলায় মিনি স্টেডিয়াম নির্মাণ ৩য় পর্যায় প্রকল্প গ্রহণ করা হবে। মিনি স্টেডিয়াম নির্মিত হলে প্রতিটি উপজেলায় ১২মাস ব্যাপী খেলাধুলা পরিচালনা করা সম্ভব হবে।	দেশের বিদ্যমান ৬৪টি জেলার ৪৯৫টি উপজেলা।	তৃনমুল পর্যায়ে ক্রীড়া প্রতিযোগিতার আয়োজনসহ ক্রীড়া অনুশীলণের মাধ্যমে দক্ষ খেলোয়াড় সৃষ্টি হবে।	
১৩।	শিরোনামঃ চট্টগ্রাম জেলার ফটিকছড়ি উপজেলার সড়ক ও জনপথ বিভাগের মাঠে স্টেডিয়াম স্থাপন। তারিখ: ২৯-০৮-২০১৩খ্রি: স্থান: ফটিকছড়ি উপজেলা, চট্টগ্রাম।	দেশের বিদ্যমান সকল উপজেলায় মিনি স্টেডিয়াম নির্মাণ করা হবে। জুন ২০১৯ এর মধ্যে "উপজেলা পর্যায়ে মিনি স্টেডিয়াম নির্মাণ-১ম পর্যায় (১৩১টি)" শীর্ষক প্রকল্পের আওতায় ১২৫টি উপজেলায় শেখ রাসেল মিনি স্টেডিয়াম নির্মাণ করা হয়েছে। "উপজেলা পর্যায়ে শেখ রাসেল মিনি স্টেডিয়াম নির্মাণ প্রকল্প (২য় পর্যায়)'' শীর্ষক প্রকল্পে ফটিকছড়ি উপজেলা অর্ন্তভুক্ত রয়েছে। মূল ডিপিপিতে উক্ত উপজেলার প্রস্তাবিত জায়গাটি খাস জমি ছিল বিধায় ডিপিপিতে অর্থের সংস্থান ছিল না। পরবর্তীতে জায়গার পরিবর্তন করে জমি অধিগ্রহণের মাধ্যমে বাস্তবায়নের জন্য প্রস্তাব পাওয়া যায় । সংশোধিত ডিপিপিতে উক্ত জমি অধিগ্রহণ খাতে অর্থের সংস্থান করতঃ বাস্তবায়ন করা হবে।	চট্রগ্রাম জেলার ফটিকছড়ি উপজেলা	তৃনমুল পর্যায়ে ক্রীড়া প্রতিযোগিতার আয়োজনসহ ক্রীড়া অনুশীলণের মাধ্যমে দক্ষ খেলোয়াড় সৃষ্টি হবে।	

বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান:

ক্রমিক নং	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি (শিরোনাম/তারিখ/স্থান)	বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা	সংশ্লিষ্ট জেলাসমূহ	আর্থ-সামাজিক প্রভাব	মন্তব্য
	প্রযোজ্য নয়	প্রযোজ্য নয়	প্রযোজ্য নয়	প্রযোজ্য নয়	নেই

শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনষ্টিটিউট:

ক্র:নং	মাননীয় প্রধানমংত্রীর প্রতিশ্রুতি **(শিরোনাম/তারিখ/স্থান)**	**বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা**	**সংশ্লিষ্ট জেলাসমূহ**	**আর্থ-সামাজিক প্রভাব**	**মন্তব্য**
০১	**প্রযোজ্য নয়**	**প্রযোজ্য নয়**	**প্রযোজ্য নয়**	**প্রযোজ্য নয়**	‡kL nvwmbv RvZxq hye Dbœqb BbwówUDU সম্পর্কে মাননীয় প্রধানমন্ত্রীর কোন নির্দেশনা নেই।

বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন:

ক্র. নং	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি (শিরোনাম/তারিখ/স্থান)	বাস্তবায়নের গৃহীত ব্যবস্থা	সংশ্লিষ্ট জেলাসমূহ	আর্থ-সামাজিক প্রভাব	মন্তব্য
	প্রযোজ্য নয়	প্রযোজ্য নয়	প্রযোজ্য নয়	প্রযোজ্য নয়	প্রযোজ্য নয়

ক্রীড়া পরিদপ্তর:

নং	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি	বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা	সংশ্লিষ্ট জেলাসমূহ	আর্থ-সামাজিক প্রভাব	মন্তব্য
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
---	---	----	-----	-----	----

মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়নে হালনাগাদ তথ্য

যুব উন্নয়ন অধিদপ্তর:

ক্রমিক নং	মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা (শিরোনাম/ তারিখ/ স্থান)	বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা	সংশ্লিষ্ট জেলাসমূহ	আর্থ-সামাজিক প্রভাব	মন্তব্য
১	শিরোনাম: যুব উন্নয়ন অধিদপ্তরের প্রচলিত প্রশিক্ষণ ট্রেডের সাথে সময়োপযোগী ও আন্তর্জাতিক মানসম্পন্ন দীর্ঘমেয়াদি প্রশিক্ষণ ট্রেড যুক্ত করতে হবে, যেমন ক্যাটারিং, হাউজকিপিং, কৃষি ও হর্টিকালচার মেরিন ফিসিং তথা গভীর সমুদ্রে উন্নত প্রযুক্তির মাধ্যমে মাছ ধরা। এ বিষয়ে আন্তর্জাতিক সংস্থার কারিকুলাম সংগ্রহ করা যেতে পারে। তারিখ: ৩০/১০/২০১৪ খ্রি. স্থান-যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।	ক) (১) ফুড এন্ড বেভারেজ প্রোডাকশন সার্ভিস (ক্যাটারিং): কোর্সের মেয়াদ-৬ মাস। কোর্সের ধরণ-অনাবাসিক। আসন সংখ্যা-৩০ (প্রতিব্যাচ)। ক্রমপুঞ্জিত অগ্রগতি-৮১৭ জন।	ঢাকা, খুলনা, সিলেট বগুড়া, চট্টগ্রাম, বান্দরবন	জেলার বেকার যুবগণ প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে আত্মকর্মী ও উদ্যোক্তা হিসেবে প্রতিষ্ঠিত হচ্ছে এবং বিদেশ গমন করছে।	
		(২) হাউজকিপিং: কোর্সের মেয়াদ-৩ মাস। কোর্সের ধরণ-অনাবাসিক। আসন সংখ্যা-৩০ (প্রতিব্যাচ)। ক্রমপুঞ্জিত অগ্রগতি-৮৮৪ জন।	ঢাকা, খুলনা, সিলেট বগুড়া, চট্টগ্রাম, বান্দরবন		
		(৩) সংক্ষিপ্ত হাউজকিপিং: কোর্সের মেয়াদ-৩০দিন। কোর্সের ধরণ-অনাবাসিক। আসন সংখ্যা-৩৫ (প্রতিব্যাচ)। (আরব দেশসমূহে গমনেচ্ছুক যুবনারীদের জন্য। ক্রমপুঞ্জিত অগ্রগতি-২৩৪৩ জন।	ঢাকা, খুলনা, সিলেট বগুড়া, চট্টগ্রাম, বান্দরবন		
		(৪) কৃষি ও হর্টিকালচার: কোর্সের মেয়াদ-১ মাস। কোর্সের ধরণ-আবাসিক। আসন সংখ্যা-৪০ (প্রতিব্যাচ)। ক্রমপুঞ্জিত অগ্রগতি-৪৬৫৪ জন।	৬৪ জেলা		
		মেরিন ফিসিং তথা গভীর সমুদ্রে উন্নত প্রযুক্তির মাধ্যমে মাছ ধরা বিষয়ে প্রশিক্ষণ দেয়ার জন্য যুব উন্নয়ন অধিদপ্তরে রিসোর্স পার্সন ও প্রযুক্তিগত সীমাবদ্ধতা থাকায় কোর্সটি পরিচালনা করা সম্ভব হয়নি।			
২	যুবরা জীবনের ঝুকিঁ নিয়ে বিদেশে যাওয়ার জন্য প্রতারণার শিকার যাতে না হয় এবং যুব প্রশিক্ষণ নিয়ে দেশেই আত্ম-কর্মসংস্থানে উদ্বুদ্ধ হয়, সে লক্ষ্যে ব্যাপক প্রচারণা চালাতে হবে। এছাড়া দেশে-বিদেশে কাজ করার জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ ছাড়াও সে দেশের আইন কানুন সম্পর্কে জানতে হবে, যেন কেউ বিদেশ গিয়ে বে আইনী কিছু না করে এবং জেলে না	• যুবরা জীবনের ঝুঁকি নিয়ে বিদেশে না যায়, তারা যাতে আত্মকর্মে উদ্বুদ্ধ হয়, সেজন্য ৬৪টি জেলা ও ৫০০টি উপজেলা কার্যালয়ের মাধ্যমে উদ্বুদ্ধকরণ কার্যক্রম পরিচালনা এবং প্রয়োজনীয় প্রশিক্ষণ ও ঋণ প্রদান করা হচ্ছে। • ফেস্টুনের মাধ্যমে জেলা যুব/প্রশিক্ষণ কেন্দ্রে ১০টি সচেতনতামূলক স্লোগান প্রচার অব্যাহত আছে। • যুব উন্নয়ন অধিদপ্তরের প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ের সকল কার্যালয়ে প্রশিক্ষণকর্মশালাসেমিনারের মাধ্যমে স্লোগান / প্রচারের উদ্যোগ অব্যাহত আছে।	৬৪ জেলা (সমগ্র দেশব্যাপী)	দেশের যুবরা জীবনের ঝুকিঁ নিয়ে বিদেশ যাওয়ার প্রবনতা হ্রাস পেয়েছে এবং দেশে বিদেশে কাজ করার জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণের পাশাপাশি সে দেশের আইন	

	যায়। তারিখ: ৩০/১০/২০১৪ খ্রি. স্থান-যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।	• যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক প্রকাশিত যুববার্তায় সচেতনতামূলক স্লোগান অন্তর্ভুক্ত করা হয়েছে। প্রচারের জন্য ইউনিয়ন পরিষদ/উপজেলা পরিষদ/জেলা প্রশাসন/বিভিন্ন অধিদপ্তর/মন্ত্রণালয়ে যুববার্তার কপি পৌঁছানো নিশ্চিত করা হয়েছে। দৈনিক/সাপ্তাহিক/মাসিক এবং পাক্ষিক পত্রিকায় সচেতনতামূলক শ্লোগান ১০০ বার প্রচার করা হয়েছে। অবৈধ পথে যাতে যুবরা বিদেশে না যায় সে লক্ষ্যে শ্লোগান প্রচার: ১. প্রশিক্ষণ নিন. আত্মকর্মী হোন ২. দক্ষ হলে, কপাল খোলে ৩. জীবনের ঝুঁকি নিয়ে অবৈধ পথে বিদেশ যাবেন না ৪. প্রশিক্ষণ গ্রহণ করি আত্মকর্মসংস্থানের পথ ধরি ৫. বৈধ পথে বিদেশ যাই মৃত্যুর ঝুঁকি এড়াই ৬. বৈধ পথে বিদেশ যাই বেকারত্বের হার কমাই ৭. চাকুরিদাতার দেশের আইন কানুন জানবো এবং মানবো ৮. বিদেশে বেআইনী কিছু করবো না। ৯. দক্ষ যুব সমৃদ্ধ দেশ বঙ্গবন্ধুর বাংলাদেশ ১০. আত্মকর্মী যুবশক্তি উন্নয়নের মূলভিত্তি।		কানুন সম্পর্কে জানতে পারছে।	

জাতীয় ক্রীড়া পরিষদ:

ক্র:নং	মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা (শিরোনাম/তারিখ/স্থান)	বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা	সংশ্লিষ্ট জেলাসমূহ	আর্থ-সামাজিক প্রভাব	মন্তব্য
০১।	শিরোনাম: ক্রীড়াক্ষেত্রে আরও উন্নয়নের ব্যবস্থা নিতে হবে। ফুটবলের উন্নয়নের জন্য আন্তঃস্কুল, আন্তঃকলেজ এবং জেলা-উপজেলাসমূহে বছর-ব্যাপী ফুটবল খেলার আয়োজন করতে হবে। তারিখ: ৩০/১০/২০১৪ খ্রি. স্থান-যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।	বর্তমানে দেশে ৫৩টি জাতীয় ক্রীড়া ফেডারেশন/এসোসিয়েশন/সংস্থা রয়েছে। এ সকল সংগঠনগুলোকে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে ধেলাধুলার মান উন্নয়নে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করা হয়। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের উদ্যোগে বাংলাদেশ ফুটবলের সামগ্রিক মানোন্নয়ন ও শক্তিশালীকরণের লক্ষ্যে জুলাই ২০২২ হতে জুন ২০২৪ মেয়াদে মুন্সিগঞ্জ, মাগুরা ও নেত্রকোণায় ফুটবল একাডেমি নির্মাণের জন্য ০৩টি জেলাকে নির্বাচন করা হয়েছে। এ সকল জেলার বিদ্যমান ক্রীড়া অবকাঠামোসমূহ প্রয়োজনীয় সংস্কার ও আধুনিকায়ন করে তৃনমূল পর্যায় হতে খেলোয়াড়দের বাছাই করে জাতীয় ও আন্তর্জাতিক মানের কোচের সহায়তায় দীর্ঘমেয়াদী প্রশিক্ষণ প্রদান করা হবে। এর ফলে আন্তর্জাতিক মানের দক্ষ ফুটবলার তৈরী করা সম্ভব। ইতোমধ্যে সম্ভাব্যতা সমীক্ষা কার্যক্রম সম্পন্ন হয়েছে। প্রশিক্ষণ/প্রতিযোগিতা ও অন্যান্য ব্যয় নির্বাহের লক্ষ্যে প্রায় ৪৫০ কোটি টাকা ব্যয়ে ডি.পি.পি প্রণয়ন প্রক্রিয়াধীন। এতদব্যতীত যুব ও ক্রীড়া মন্ত্রণালয় হতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট বালক (অনুর্ধ্ব-১৭) বিগত ২০১৮ সাল হতে চলমান আছে। তাছাড়া বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট বালিকা (অনুর্ধ্ব-১৭) গত ২০১৯ সাল থেকে শুরু হয়ে চলমান আছে। আন্ত:বিশ্ববিদ্যালয় চ্যাম্পস ২০১৯ সাল থেকে চালু হয়েছে। ইতোমধ্যে ২টি টুর্নামেন্ট হয়েছে। ২০২২ সালে আন্ত:চ্যাম্পস অনুষ্ঠানের কার্যক্রম ইতোমধ্যে শুরু হয়েছে এবং ১ম বারের মত এবছর আন্ত:কলেজ চ্যাম্পিয়নশিপ প্রতিযোগিতা শুরু করার লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এরফলে ফুটবলসহ অন্যান্য ১২টি ইভেন্টের ক্ষেত্রে ব্যাপক উন্নয়ন সম্ভব হবে। বাংলাদেশ ফুটবল ফেডারেশন কর্তৃক ফুটবলের উন্নয়নের জন্য জেলা ও উপজেলা সমূহে বছরব্যাপী ফুটবল প্রশিক্ষণ/প্রতিযোগিতার কার্যক্রম গ্রহণ করে আসছে। ফলে নতুন ফুটবল খেলোয়াড় সৃষ্টি হয়েছে।	মুন্সিগঞ্জ, মাগুরা ও নেত্রকোণা	গ্রামাঞ্চলের অবহেলিত বালক/বালিকাদের দৈহিক ও মানসিক দক্ষতা বৃদ্ধি পাবে। সামাজিক অপরাধ প্রবনতা হ্রাস পাবে। মাদকাসক্তি, চুরি, ছিনতাই, ইভটিজিং সংক্রান্ত অপরাধসমূহ থেকে যুব সমাজ মুক্ত থাকবে।	

০২।	**শিরোনামঃ প্রতি উপজেলায় একটি করে মিনি স্টেডিয়াম গড়ে তোলার প্রকল্পটি দ্রুত বাস্তবায়ন করতে হবে।** তারিখ: ৩০/১০/২০১৪ খ্রি. স্থান-যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।	দেশের প্রতিটি অর্থাৎ ৪৯৫ টি উপজেলায় একটি কর শেখ রাসেল মিনি স্টেডিয়াম নির্মাণের লক্ষ্যে ১ম পর্যায়ে ১২৫টি উপজেলায় শেখ রাসেল মিনি স্টেডিয়াম নির্মাণ করা হয়েছে। প্রকল্পের ২য় পর্যায় ১৮৬টি উপজেলাকে অন্তর্ভুক্ত করে অনুমোদিত প্রকল্পটির নির্মাণ কাজ চলমান রয়েছে। বিভিন্ন সময়ে ভিন্ন ভিন্ন প্রকল্পের আওতায় ৯টি উপজেলায় স্টেডিয়াম নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। গোপালগঞ্জ জেলার টুঙ্গীপাড়া ও কিশোরগঞ্জ জেলার মিঠামইন উপজেলাতে পূর্ণাঙ্গ স্টেডিয়াম নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। অবশিষ্ট ১৭৩ টি উপজেলাকে অন্তর্ভুক্ত করে শেখ রাসেল মিনি স্টেডিয়াম নির্মাণ প্রকল্প (৩য় পর্যায়) প্রণয়ন প্রক্রিয়াধীন রয়েছে।	৬৪**টি জেলার** ৪৯৫**টি উপজেলা**	তৃনমুল পর্যায়ে ক্রীড়া প্রতিযোগিতার আয়োজনসহ ক্রীড়া অনুশীলনের মাধ্যমে দক্ষ খেলোয়ার সৃষ্টিতে সহায়ক ভুমিকা রাখবে।	
০৩।	শিরোনাম: আরচ্যারির জন্য কোন মাঠ নেই। আরচ্যারি খেলার উন্নয়নের ব্যবস্থা নিতে হবে। এ খেলায় পাহাড়ী ও আদিবাসীদের বিশেষভাবে সম্পৃক্ত করতে হবে। কেননা, তীর ধনুকের সাথে তাদের আজন্ম সম্পর্ক রয়েছে। তারিখ: ৩০/১০/২০১৪ খ্রি. স্থান-যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।	বাংলাদেশ আরচ্যারী ফেডারেশন শহীদ আহসান উল্লাহ মাস্টার স্টেডিয়াম, গাজীপুর-এ নিয়মিতভাবে প্রশিক্ষণ/প্রতিযোগিতা পরিচালনা করে থাকে। আরচ্যারী খেলার মানোন্নয়ন ও নিবিড় প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে গাজীপুর জেলায় সুবিধাজনক স্থানে ‘জাতীয় আরচ্যারী প্রশিক্ষণ একাডেমী’ নির্মাণের লক্ষ্যে গাজীপুর জেলায় কমপক্ষে ১০ (দশ) একর সরকারি খাস জায়গা কিংবা ব্যক্তিমালিকানাধীন জমি অধিগ্রহণমূল্যসহ প্রস্তাবিত জমির তফসিল প্রেরণ করার জন্য পরিষদের ০৮ মে, ২০২২ তারিখের ৩৪.০০.০০০০.০৯২.১৪.২৪১.২২.৯১ নং স্মারকে জেলা প্রশাসক, গাজীপুর-কে অনুরোধপূর্বক পত্র প্রেরণ করা হয়।অত্র ফেডারেশনের ব্যবস্থাপনায় বান্দরবানের কোয়ান্টাম কসমো স্কুলে পাহাড়ী ও আদিবাসীদের সমন্বয়ে বছরব্যাপী আরচ্যারি প্রশিক্ষণ প্রদান করা হয়। ফলশ্রুতিতে আরচ্যারির বিভিন্ন দলে ইতোমধ্যে পাহাড়ী ও আদিবাসী খেলোয়াড় সম্পৃক্ত হয়েছে। বর্তমানে রিনা চাকমা, মাথৈ প্রোমার্মা ছাড়া আরও অনেক আদিবাসী অন্যান্য ইভেন্টের খেলাধুলা করছে এবং জাতীয় দলে অন্তর্ভুক্ত আছে। এছাড়া বান্দরবান জেলার খেলোয়াড়গণও অংশগ্রহণ করে থাকে।	গাজীপুর, বান্দরবান	পাহাড়ী ও আদিবাসীদের অতি পুরানো খেলাধুলার চর্চা অব্যাহত থাকবে। শরীর, স্বাস্থ্য ও মানসিকতা বৃদ্ধি পাবে। সমাজে শান্তি ও শৃঙ্খলা ফিরে আসবে।	

০৪।	শিরোনাম: বিদেশে খেলোয়াড় পাঠানোর সময় খেলার সিডিউলের পূর্বে যথেষ্ট সময় হাতে রেখে দল পাঠানোর ব্যবস্থা করতে হবে যাতে পরিবর্তিত আবহাওয়া ও পরিবেশের সাথে খাপ খাওয়াতে পারে। তারিখ: ৩০/১০/২০১৪ খ্রি. স্থান-যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।	বিদেশে খেলোয়াড় পাঠানোর সময় খেলার সিডিউলের পূর্বে যথেষ্ট সময় হাতে রেখে দল পাঠানোর বিষয়ে সকল ফেডারেশন/এসোসিয়েশন/ সংস্থাকে পত্র মারফত অনুরোধ করা হয় এবং সে মোতাবেক সংগঠনগুলো ব্যবস্থা গ্রহণ করছে। তবে সিডিউল সময়ের আগে বা পরে বিদেশে দলের অবস্থানের ক্ষেত্রে ব্যয় নির্বাহের জন্য প্রচুর অর্থ প্রয়োজন হয়।		সিডিউলের পূর্বে যথেষ্ট সময় হাতে রেখে দল পাঠালে দলে মানসিক দক্ষতা বৃদ্ধি পাবে ও দল মানসিকভাবে চাঙ্গা থাকবে।	
০৫।	ক্রীড়া পরিদপ্তরের ৬৪ জেলার ক্রীড়া কার্যক্রমে প্রতিবন্ধী এবং অটিস্টিকদের অগ্রাধিকার দিতে হবে। তাদের জন্য আলাদা কমপ্লেক্স তৈরী করতে হবে। গ্রামীণ খেলাধূলা যেমন- সাতার, ডাংগুলি ইত্যাদি খেলার প্রসার ঘটাতে হবে।	ক্রীড়া পরিদপ্তর হতে প্রতি বছর গ্রামীন খেলাধূলার প্রতিযোগিতা/প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়িত হয়। এছাড়া প্রতিবন্ধীদের ক্রীড়া কার্যক্রম পরিচালনাসহ প্রতিবন্ধী খেলোয়াড়দের অনুশীলন ও দক্ষ খেলোয়াড় সৃষ্টির লক্ষ্যে ন্যাশনাল প্যারালিম্পিক কমিটি অব বাংলোদেশ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। মাননীয় প্রধানমন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী যুব ও ক্রীড়া মন্ত্রণালয় তথা জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক প্রতিবন্ধী খেলোয়াড়দের খেলার মান উন্নয়নের জন্য ক্রীড়া প্রশিক্ষণ সুযোগ সৃষ্টির লক্ষ্যে বাংলাদেশ জাতীয় সংসদ ভবন এলাকায় পশ্চিম পার্শ্বে জায়গা বরাদ্দ প্রদান করেন। উক্ত প্রতিবন্ধী খেলোয়াড়দের জন্য প্যাভিলিয়ন ভবন, খেলার মাঠ নির্মাণের জন্য ১৩,৯৫,৩৩,০০০/- (তের কোটি পঁচানব্বই লক্ষ তেত্রিশ হাজার) টাকা ব্যয়ে প্রকল্পের ডিপিপি প্রনয়ণ করা হয়েছে। সংশ্লিষ্ট দরপত্র মূল্যায়ন কার্যক্রম চলমান আছে।	ঢাকা		

০৬।	শিরোনাম: সকল ক্রীড়া ফেডারেশনে নির্বাচনের মাধ্যমে নেতৃত্ব নিশ্চিত করতে হবে। তারিখ: ৩০/১০/২০১৪ খ্রি. স্থান-যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।	ক) বর্তমানে জাতীয় ক্রীড়া পরিষদের স্বীকৃতিপ্রাপ্ত ফেডারেশন/সংস্থার সংখ্যা ৫৩টি। নির্বাচনযোগ্য ফেডারেশন/সংস্থার সংখ্যা ৩২টি। তন্মধ্যে ২৪টি ফেডারেশন/সংস্থার নির্বাচিত কার্যনির্বাহী কমিটি রয়েছে। খ) নির্বাচনযোগ্য ৮টি ফেডারেশন/এসোসিয়েশনসহ মোট ২৯টি ফেডারেশন/সংস্থা অ্যাডহক কমিটি দ্বারা পরিচালিত হচ্ছে। তন্মধ্যে ০৯টি প্রতিষ্ঠাকালীন কমিটি দায়িত্ব পালন করছে।	**৬৪টি জেলা**	**ভোটের মাধ্যমে বিভিন্ন ফেডারেশনে/ এসোসিয়েশনে কমিটি নির্বাচিত হওয়ায় ক্রীড়াঙ্গণেও গণতান্ত্রিক ব্যবস্থা বিরাজমান রয়েছে।**	
০৭।	শিরোনাম: জেলা পর্যায়ে সারা বছর বিভিন্ন খেলাধূলার জন্য জেলা স্টেডিয়াম ব্যস্ত থাকলেও সঠিক দিনক্ষণসহ খেলার ক্যালেন্ডার প্রস্তুত করে সুনির্দিষ্ট দিনসমূহ বাদ দিয়ে বাকি সময় স্টেডিয়ামগুলোতে ফুটবল খেলা চলবে। এ উদ্দেশ্যে প্রতি স্টেডিয়ামে বছরব্যাপী অন্যান্য খেলা পরিচালনার সুনির্দিষ্ট ক্যালেন্ডার প্রস্তুতপূর্বক স্টেডিয়ামেই প্রদর্শন করতে হবে। তারিখ: ৩০/১০/২০১৪ খ্রি. স্থান-যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।	বছরব্যাপী খেলা পরিচালনার জন্য সুনির্দিষ্ট ক্যালেন্ডার প্রস্তুতপূর্বক স্টেডিয়ামে প্রদর্শন করার জন্য প্রত্যেক জেলা ক্রীড়া সংস্থাকে অনুরোধ করে জাতীয় ক্রীড়া পরিষদ হতে পুনরায় পত্র প্রেরণ করা হয়েছে। উল্লেখ্য যে, জাতীয় ক্রীড়া পরিষদ প্রতিবছর ফেডারেশন/এসোসিয়েশনসহ, বোর্ড/সংস্থার নিকট হতে বছরব্যাপী খেলা পরিচালনার তথ্যাদি সংগ্রহপূর্বক ক্রীড়াপঞ্জী প্রকাশ করা হয়। বর্তমানে ২০২২-২০২৩ অর্থবছরে ক্রীড়াপঞ্জী প্রনয়ণের কার্যক্রম প্রক্রিয়াধীন। উক্ত ক্রীড়াপঞ্জী নিয়মিতভাবে সকল জাতীয় ক্রীড়া ফেডারেশন/এসোসিয়েশন/সংস্থা/বোর্ড এর নিকট প্রেরণ করা হয় এবং ক্রীড়াপঞ্জী অনুসারে সংগঠনগুলোকে প্রশিক্ষণ/প্রতিযোগিতা পরিচালনার জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়।	সকল জেলা	ক্যালেন্ডার প্রস্তুতির ফলে সকল স্টেডিয়ামে সময়মত খেলাধুলা আয়োজন ও প্রশিক্ষণ সম্পন্ন করা যাবে।	

০৮।	শিরোনাম: স্টেডিয়াম সমূহে ক্রীড়া প্রতিযোগিতা ছাড়া অন্য কোন কার্যক্রম যেমন মেলা, সাংস্কৃতিক অনুষ্ঠান, কনসার্ট ইত্যাদি আয়োজন না করাই ভাল হবে। তারিখ: ৩০/১০/২০১৪ খ্রি. স্থান-যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।	মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী স্টেডিয়াম সমূহে ক্রীড়া প্রতিযোগিতা ছাড়া অন্য কোন কার্যক্রম আয়োজন না করার জন্য প্রত্যেক স্টেডিয়ামের প্রশাসক/জেলাক্রীড়া সংস্থাকে অনুরোধ করে পত্র প্রেরণ করা হয়েছে।	সকল জেলা	যুব সমাজ খেলাধুলার প্রতি মনোযোগী হবে।	
০৯।	শিরোনাম: স্কুল/কলেজের মাঠ ব্যতীত যে সকল জায়গা/মাঠ নির্বাচন করা হয়েছে সেখানে নকশানুযায়ী খেলার মাঠ (মিনি স্টেডিয়াম) এর অবকাঠামো নির্মাণের কার্যক্রম শুরু করতে হবে ও সংশোধিত নীতিমালা অনুযায়ী অবিলম্বে মাঠ/জায়গা নির্বাচন কার্যক্রম গ্রহণ করতে হবে। তারিখ: ৩০/১০/২০১৪ খ্রি. স্থান-যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।	মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক সংশোধিত নীতিমালা ও নকশা অনুযায়ী স্কুল কলেজের মাঠ ব্যতীত দেশের বিদ্যমান সকল উপজেলায় মিনি স্টেডিয়াম নির্মাণ কাজ চলমান রয়েছে। উল্লেখ্য দেশের মোট **৪৯৫**টি উপজেলার মধ্যে প্রকল্পের ১ম পর্যায় **১২৫**টি উপজেলায় মিনি স্টেডিয়াম নির্মাণ কাজ গত জুন **২০১৯** এ সমাপ্ত হয়েছে। ২য় পর্যায় ১৮৬টি উপজেলায় মিনি স্টেডিয়াম নির্মাণ কাজ চলমান রয়েছে। ভিন্ন ভিন্ন প্রকল্পের আওতায় **০৯**টি উপজেলায় (লালপুর, সেনবাগ, বেগমগঞ্জ, শান্তাহার, ভাঙ্গা, ভৈরব, শিবগঞ্জ, পাবর্তীপুর ও শ্রীনগর উপজেলা) স্টেডিয়াম নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। ০২টি উপজেলায় (টুঙ্গীপাড়া ও মিঠামইন উপজেলা) পূর্ণাঙ্গ স্টেডিয়াম নির্মাণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে। প্রকল্পের ৩য় পর্যায় অবশিষ্ট ১৭৩টি উপজেলায় মিনি স্টেডিয়াম নির্মাণের লক্ষ্যে মাঠ/জায়গা নির্বাচন কার্যক্রম সম্পন্ন হয়েছে। বর্ণিত ১৭৩টি উপজেলায় শুধুমাত্র জমি অধিগ্রহণের জন্য ডিপিপি প্রণয়ন প্রক্রিয়াধীন রয়েছে।	**৬৪**টি জেলার **৪৯৫**টি উপজেলা	ঐ	

বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান:

ক্রমিক নং	মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা (শিরোনাম/তারিখ/স্থান)	বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা	সংশ্লিষ্ট জেলাসমূহ	আর্থ-সামাজিক প্রভাব	মন্তব্য
১।	শিরোনাম: "কলেজ, বিশ্ববিদ্যালয়ে ভর্তির ক্ষেত্রে বিকেএসপি'র কোটা রাখার বিষয়ে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় থেকে শিক্ষা মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণসহ বাস্তবায়ন করতে হবে। চাকুরীতেও কোটা রাখা যেতে পারে"। তারিখ: ৩০ অক্টোবর, ২০১৪ খ্রি: স্থান: যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।	• চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, কুমিল্লা বিশ্ববিদ্যালয় এবং সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়সহ সর্বমোট ৫(পাঁচ)টি বিশ্ববিদ্যালয়ে ভর্তি কোটা রাখা হয়েছে । চাকুরীর ক্ষেত্রে কোট সংরক্ষণের বিষয়ে যোগাযোগ অব্যাহত রয়েছে।	সকল জেলা	বিকেএসপি'র প্রশিক্ষণার্থীদের ক্রীড়া শিক্ষার পাশাপাশি সাধারণ শিক্ষাও গ্রহণ করতে হয়। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী ইতোমধ্যে ৫টি বিশ্ববিদ্যালয়ের ভর্তির ক্ষেত্রে বিকেএসপি'র কোটা সংরক্ষণ করা হয়েছে। ফলে বিকেএসপি'র প্রশিক্ষণার্থীরা বিশ্ববিদ্যালয়ে ভর্তির সুযোগ পেয়ে থাকে। চাকুরির ক্ষেত্রেও কোটা সংরক্ষণ করা হলে বিশ্ববিদ্যালয়ে অধ্যায়ন শেষে চাকুরি পাওয়ার ক্ষেত্রে বিকেএসপির প্রশিক্ষণার্থীদের সুযোগ তৈরি হবে। ফলশ্রুতিতে তাদের কর্মসংস্থান তৈরিসহ পারিবারিকভাবে স্বাবলম্বী হবে এবং আর্থ-সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।	নেই

ক্রীড়া পরিদপ্তর:

ক্রমিক নং	মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা (শিরোনাম/তারিখ/স্থান)	বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা	সংশ্লিষ্ট জেলাসমূহ	আর্থ-সামাজিক প্রভাব	মন্তব্য
০১।	শিরোনাম: ক্রীড়া পরিদপ্তর কর্তৃক ৬৪ জেলার ক্রীড়া কার্যক্রমে প্রতিবন্ধী এবং অটিস্টিকদের অগ্রাধিকার দিতে হবে। তাদের জন্য আলাদা কমপ্লেক্স তৈরী করতে হবে। গ্রামীণ খেলাধূলা যেমন-সাতচারা, ডাংগুলি ইত্যাদি খেলার প্রসার ঘটাতে হবে। তারিখ: ৩০/১০/২০১৪ খ্রি. স্থান-যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।	• ক্রীড়া পরিদপ্তর এবং ৬৪টি জেলা ক্রীড়া অফিসের জন্য প্রণীত বার্ষিক ক্রীড়াপঞ্জি ২০২২-২৩ এ প্রতিবন্ধী এবং অটিস্টিক শিশুদের জন্য ক্রীড়া কার্যক্রম গ্রহণ করা হয়েছে।	৬৪ জেলা	২০১৯/২০২০/২০২১ সাল পর্যন্ত অটিজম প্রতিযোগিতা ইউনিয়ন, উপজেলা, জেলা, বিভাগ ও জাতীয় পর্যায়ে অনুষ্ঠানের আয়োজন করার ফলে শিশুদের শারীরিক ও মানসিক পরিপূর্ণ বিকাশে সহায়তা করে।	
		• ক্রীড়া পরিদপ্তর এবং জেলা ক্রীড়া অফিসসমূহে প্রনীত বার্ষিক ক্রীড়াপঞ্জি মোতাবেক ২০২২-২০২৩ তে গ্রামীণ ক্রীড়া প্রতিযোগিতা আয়োজনের কার্যক্রম গ্রহণ করা হয়েছে।	৬৪ টি জেলা	২০১৯/২০২০/২০২১ সালে প্রত্যেক জেলায় জেলা ভিত্তিক গ্রামীণ খেলার আয়োজন করা হয় যাতে সমাজের সকল শ্রেনী ও সর্বস্তরের জনমানুষকে খেলায় উদ্বুদ্ধ করে-২০৪১-এ একটি উন্নত রাষ্ট্র গঠন করার লক্ষ্যে সমাজকে সন্ত্রাস, জঙ্গিবাদ, মাদকাসক্তি থেকে মুক্ত করে একটি ভালো সমাজ গঠন করা যায়।	
০২.	শিরোনাম: ক্রীড়া পরিদপ্তরের মাধ্যমে শিশুদের সাঁতার শেখানোর ব্যবস্থা করতে হবে । তারিখ: ৩০/১০/২০১৪ খ্রি. স্থান-যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।	ক্রীড়া পরিদপ্তর এবং জেলা ক্রীড়া অফিসের জন্য প্রণীত বার্ষিক ক্রীড়াপঞ্জী ২০২২-২০২৩-তে শিশুদের সাঁতার প্রশিক্ষণ এবং প্রতিযোগিতা আয়োজনের কার্যক্রম গ্রহণ করা হয়েছে।	৬৪ টি জেলা	২০১৯/২০২০/২০২১ সাল পর্যন্ত সাঁতার প্রশিক্ষণ ও প্রতিযোগিতা ইউনিয়ন, উপজেলা, জেলা, বিভাগ ও জাতীয় পর্যায়ে অনুষ্ঠান আয়োজনের ফলে যুব সমাজকে মাদকাসক্তি, জঙ্গিবাদ, ভার্চুয়াল আসক্তি থেকে মুক্ত করা সম্ভব হয়েছে ।	

বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন:

ক্র. নং	মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা (শিরোনাম/তারিখ/স্থান)	বাস্তবায়নের গৃহীত ব্যবস্থা	সংশ্লিষ্ট জেলাসমূহ	আর্থ-সামাজিক প্রভাব	মন্তব্য
০১.	শিরোনাম: "বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশনের মূলধন বৃদ্ধি করতে হবে। বিত্তবানরা অনুদান প্রদান করলে কর মুক্ত রাখার জন্য এনবিআরকে প্রস্তাব দিতে হবে। ফাউন্ডেশনকে আয় বর্ধক কার্যক্রম গ্রহণ করতে হবে তবে মূল কাজ যেন ব্যাহত না হয়।" তারিখ: ৩০/১০/২০১৪ খ্রি. স্থান-যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।	• সরকারের নিকট হতে বিভিন্ন সময়ে সিডমানি হিসেবে প্রাপ্ত টাকার পরিমাণ ছিল ৭.২৫ কোটি টাকা। মাননীয় প্রধানমন্ত্রীর ত্রান ও কল্যাণ তহবিল হতে বিগত ০৮-১১-২০১৮, ০৭-০৭-২০২০ ও ০৫-০৪-২০২২ তারিখে ফাউন্ডেশনকে (১০+১০+২০)= ৪০.০০ (চল্লিশ) কোটি টাকা অনুদান প্রদান করা হয়েছে। এছাড়াও ১২টি কোম্পানির সিএসআর তহবিল হতে প্রাপ্ত ৬০ লক্ষসহ ফাউন্ডেশনের বর্তমান মোট মূলধনের পরিমান ৪৭.৮৫ কোটি টাকা। • ২০২২-২০২৩ অর্থ-বছরে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাজেটে বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশনের অনুকূলে 'বিশেষ অনুদান' খাতে ৩,৬০,০০,০০০/- টাকা বরাদ্দ রাখা হয়েছে। • বিভিন্ন কোম্পানীর CSR হতে অর্থ সংগ্রহের প্রচেষ্টা অব্যাহত রয়েছে।	৬৪টি জেলা	বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন ২০১১ সালের ৩নং আইন দ্বারা প্রতিষ্ঠিত হওয়ার পর থেকে এ পর্যন্ত ৭,৯৬৯ জনকে মাসিক ভাতা/এককালীন অনুদান হিসাবে মোট ১৫,১৬,১৫,০০০/- (পনের কোটি ষোল লক্ষ পনের হাজার টাকা প্রদান করা হয়। ফাউন্ডেশন হতে করোনাকালীন বিশেষ অনুদান হিসাবে ৭,৭৬৭ জনকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা হারে সর্বমোট ৩,৮৮,১৫,০০০/- (তিন কোটি আটাশি লক্ষ পনের হাজার) টাকা প্রদান করা হয়। বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন কর্তৃক এ পর্যন্ত ৮৮ (আটাশি) জন ক্রীড়াসেবী ও ক্রীড়া সংগঠকদের চিকিৎসা/আর্থিক সহায়তা বাবদ মোট= ৯৪,২৫,০০০/- (চুড়ানব্বই লক্ষ পঁচিশ হাজার) টাকা প্রদান করা হয়েছে। এ সকল আর্থিক সহায়তা প্রদানের ফলে খেলোয়ারদের ক্রয় ক্ষমতা বৃদ্ধি পেয়েছে এবং স্বাস্থ্য সেবার মান উন্নত হয়েছে।	

শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনষ্টিটিউট:

ক্র:নং	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি (শিরোনাম/তারিখ/স্থান)	বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা	সংশ্লিষ্ট জেলাসমূহ	আর্থ-সামাজিক প্রভাব	মন্তব্য
০১	প্রযোজ্য নয়	প্রযোজ্য নয়	প্রযোজ্য নয়	প্রযোজ্য নয়	**‡kL nvwmbv RvZxq hye Dbœqb BbwówUDU** সম্পর্কে মাননীয় প্রধানমন্ত্রীর কোন নির্দেশনা নেই।

গত ১৪ বছরের বাস্তবায়িত (প্রতিশ্রুতি ও নির্দেশনা ব্যতীত) উন্নয়নমূলক কার্যক্রমের তথ্য

যুব উন্নয়ন অধিদপ্তর:

ক্রমিকনং	গুরুত্বপূর্ণ উন্নয়ন কার্যক্রম	বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা	সংশ্লিষ্ট জেলাসমূহ	আর্থ-সামাজিক প্রভাব	মন্তব্য
১	টেকনোলজি এমপাওয়ারমেন্ট সেন্টার অন হুইলস ফর আন্ডারপ্রিভিলেজড রুরাল ইয়াং পিপুল অব বাংলাদেশ।	বর্তমানে বাংলাদেশে কম্পিউটার প্রশিক্ষণ সুবিধা জেলা শহর কেন্দ্রিক। উপজেলা পর্যায়ে কম্পিউটার প্রশিক্ষণের সুযোগ এখনও সম্প্রসারিত না হওয়ায় গ্রামীণ যুবক ও যুবনারীরা তথ্য প্রযুক্তি বিষয়ক এ সুবিধা হতে বঞ্চিত হচ্ছে। এ অবস্থায় গ্রামাঞ্চলের দরিদ্র কর্মপ্রত্যাশী যুবদের জন্য ভ্রাম্যমাণ আইসিটি ট্রেনিং ভ্যানের মাধ্যমে ইন্টারনেটসহ কম্পিউটার প্রশিক্ষণের সুযোগ সৃষ্টি করার লক্ষ্যে "টেকনোলজি এমপাওয়ারমেন্ট সেন্টার অন হুইলস ফর আন্ডারপ্রিভিলেজড রুরাল ইয়াং পিপল অব বাংলাদেশ" শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পটি গ্রহণ করা হয়। জাপান সরকারের অর্থায়নে ০১-০১-২০১৫ থেকে ৩১-১২- ২০২০ মেয়াদে প্রকল্পটি বাস্তবায়নের জন্য ১৯২১.৫৭ লক্ষ টাকা ব্যয় হয়। এ কারিগরি সহায়তা প্রকল্পটির মাধ্যমে মোট ১৬০৪৮ জন কর্মপ্রত্যাশী যুবক ও যুবনারীরা প্রশিক্ষণ গ্রহণ করেছে।	৬৪ জেলা	জেলার বেকার যুবগণ প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে আত্মকর্মী ও উদ্যোক্তা হিসেবে প্রতিষ্ঠিত হয়েছে।	
২	ইনটিগ্রেটেড ম্যানেজমেন্ট অব রিসোর্সেস ফর পোভারটি এলিভিয়েশন থ্রু কম্প্রেহেনসিভ টেকনোলজি (ইমপ্যাক্ট)।	গবাদিপশু ও মুরগি পালন বিষয়ে আত্মকর্মসংস্থানমূলক প্রকল্প গ্রহণকারীদের প্রকল্পের উচ্ছিষ্ট ব্যবহারের মাধ্যমে গ্রাম পর্যায়ে বায়োগ্যাস উৎপাদন করে জ্বালানি চাহিদা পূরণ করা এ প্রকল্পের অন্যতম উদ্দেশ্য। প্রকল্পের ১ম ও ২য় পর্বের বাস্তবায়ন কাজ ৩০-০৬-২০১৯ এ সমাপ্ত হয়েছে। প্রকল্পের ২য় পর্ব সফলভাবে বাস্তবায়িত হওয়ায় পরিবেশ বান্ধব এ প্রকল্পের কার্যক্রম ৩য় পর্বে দেশের সকল জেলা ও উপজেলায় বাস্তবায়ন করা হবে। জ্বালানি চাহিদা পূরণের লক্ষ্যে প্রকল্প মেয়াদে মোট ৬৪০০০ বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপন করা হবে। এ সকল বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপনের ফলে স্থানীয়ভাবে পরিবেশের উন্নয়ন ঘটবে। ০১-০১-২০২১ থেকে ৩১-১২-২০২৩ মেয়াদে প্রকল্পটি বাস্তবায়নের জন্য ২১৫৫১.০০ লক্ষ টাকা ব্যয়ের প্রস্তাব করা হয়েছে।	৬৪ জেলা	"আমার গ্রাম -আমার শহর" প্রতিটি গ্রামে আধুনিক নগর সুবিধা সম্প্রসারণের লক্ষ্যে নবায়নযোগ্য জ্বালানি ব্যবহারের সম্ভাবনা উন্মোচিত হয়েছে। গ্রামীণ মহিলাদের জন্য ধোঁয়াহীন, আরামদায়ক, স্বাস্থ্যসম্মত এবং সময় সাশ্রয়ী রান্নার সুযোগ সৃষ্টির পাশাপাশি জৈব বর্জের চক্রায়নের মাধ্যমে কৃষি জমিতে ব্যবহারের জন্য মাইক্রো নিউট্রিয়েন্ট সমৃদ্ধ জৈব সার উৎপাদিত হচ্ছে।	

৩	শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্র জোরদারকরণ ও আধুনিকীকরণ প্রকল্প	"শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্র" ১৯৯৮ সালে সাভারে স্থাপিত হয়। এ প্রকল্পের মেয়াদ জুন ২০০৬ এ সমাপ্ত হয়। প্রকল্পের মেয়াদ সমাপ্তির পর জনবলসহ কার্যক্রম রাজস্ব বাজেটে স্থানান্তর প্রক্রিয়াধীন থাকায় থোক বরাদ্দের মাধ্যমে এর কার্যক্রম পরিচালিত হয়। কিন্তু কোন বছরই যথাসময়ে চাহিদা অনুযায়ী থোক বরাদ্দ না পাওয়ায় কেন্দ্রের কার্যক্রম লক্ষ্যমাত্রা অনুসারে বাস্তবায়ন করা সম্ভব হয়নি। "শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্র" দেশে মানবসম্পদ উন্নয়নে একটি জাতীয় প্রতিষ্ঠান। দেশের মানবসম্পদ উন্নয়ন, তথ্য ও গবেষণা কার্যক্রমে শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্রের অবদানকে আরো সম্প্রসারিত এবং এটিকে আন্তর্জাতিক পর্যায়ে উন্নীত করার লক্ষ্যে "শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্র জোরদারকরণ ও আধুনিকীকরণ" শীর্ষক প্রকল্পটি প্রণয়ন করা হয়েছে। এ প্রকল্পটি মার্চ ২০১৫ হতে ডিসেম্বর ২০১৯ পর্যন্ত মেয়াদে ২০৮৯.৫৩ লক্ষ টাকা ব্যয়ে বাস্তবায়নের জন্য অনুমোদন করা হয়। পরবর্তীতে প্রকল্পের মেয়াদ এক বছর বৃদ্ধি করে ডিসেম্বর ২০২১ করা হয় এবং প্রাক্কলিত ব্যয় বৃদ্ধি পেয়ে ৩৩৪৯.০০ লক্ষ টাকা হয়।	সাভার, ঢাকা	জেলার বেকার যুবগণ প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে আত্মকর্মী ও উদ্যোক্তা হিসেবে প্রতিষ্ঠিত হচ্ছে।	
৪	কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে উপজেলা পর্যায়ে প্রশিক্ষণ কার্যক্রম জোরদারকরণ প্রকল্প।	যুব উন্নয়ন অধিদপ্তরের আওতায় প্রশিক্ষণ সুবিধা প্রত্যন্ত গ্রামাঞ্চলে সম্প্রসারণ করে কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে এ প্রকল্প গ্রহণ করা হয়। স্থানীয় চাহিদা ভিত্তিক স্বল্প মেয়াদি প্রশিক্ষণ কর্মসূচি যুবদের আত্মকর্মসংস্থান ও দারিদ্র্য বিমোচনে সহায়ক ভূমিকা পালন করায় বেকার যুবদের জন্য অধিক হারে প্রশিক্ষণ ও আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টির বিষয়ে অধিকতর গুরত্ব আরোপ করে প্রতি বছর প্রতিটি উপজেলায় ৪৪০ জন বেকার যুবক ও যুবনারীকে দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে। স্কুল, মাদরাসা, ক্লাব, কলেজ ও ইউনিয়ন পরিষদ ইত্যাদি স্থানে প্রাপ্ত সুবিধা ব্যবহার করে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা হয়। স্থানীয় চাহিদা ভিত্তিক ০৭, ১৪ ও ২১ দিন মেয়াদি প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। প্রকল্পটি রংপুর, কুড়িগ্রাম, লালমনিরহাট, গাইবান্ধা, নীলফামারী, পঞ্চগড় ও নাটোর-এ ৭টি জেলার ৪৭টি উপজেলা বাদে অবশিষ্ট ৫৭টি জেলার ৪৪২টি উপজেলায় বাস্তবায়ন করা হয়। প্রকল্পটি বাস্তবায়নের মাধ্যমে ৯,৭২,৪০০ জনের প্রশিক্ষণ ও ৬,৮০,৬৮০ জনের কর্মসংস্থান/ আত্মকর্মসংস্থানের সুযোগ হয়েছে । ৯৯ কোটি ৯৯ লক্ষ ৪১ হাজার টাকা ব্যয়ে গত ২৪-০১-২০১২ তারিখের একনেক সভায় প্রকল্পটি অনুমোদিত হয়েছে। প্রকল্পের মেয়াদ ৩১ ডিসেম্বর ২০১৭ পর্যন্ত বর্ধিত করে ১০৫৮২.৬১ লক্ষ টাকা ব্যয়ে প্রকল্পের ১ম সংশোধনী ইতোমধ্যে অনুমোদিত হয়েছে। এছাড়া পরিবেশ সংরক্ষণ ও উন্নয়ন, প্রজনন স্বাস্থ্য, নিরাপদ মাতৃত্ব, জনসংখ্যা নিয়ন্ত্রণ, পুষ্টি উন্নয়ন, এইচআইভি,	৬৪ জেলা	জেলার বেকার যুবগণ প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে আত্মকর্মী ও উদ্যোক্তা হিসেবে প্রতিষ্ঠিত হয়েছে।	

		মাদক দ্রব্যের অপব্যবহার রোধ, পরিস্কার-পরিচ্ছন্নতা অভিযান, নৈতিক অবক্ষয় রোধ, মূল্যবোধ ও ব্যক্তিত্ব উন্নয়ন, যুব নেতৃত্বের বিকাশ, অনৈতিক ও সমাজ বিরোধী কর্মকান্ড প্রতিরোধ, গণতন্ত্রায়ন, সুশাসন প্রতিষ্ঠা ইত্যাদি বিষয়ে যুবদের উদ্বুদ্ধ করা হয়। ফলে বেকার যুবরা দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণের পাশাপাশি জীবন দক্ষতা বিষয়ে প্রশিক্ষণ লাভ করে তাদের জীবনকে সুন্দরভাবে গড়ে তোলার মাধ্যমে স্বাবলম্বী হওয়ার সুযোগ হয়েছে। এ প্রকল্পটি দেশের দারিদ্র্য বিমোচন ও অর্থনৈতিক উন্নয়নে ব্যাপক অবদান রাখছে।			
